## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তথ্য অধিদফতর (পিআইডি) তি **আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ** 🎰

সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৬৮, E-mail: pidmymensingh@gmail.com, Facebook: PID MYMENSINGH, Website: pid.mymensinghdiv.gov.bd

তথ্যবিবরণী

## <u>ময়মনসিংহ কর অঞ্চলে রিটার্ন দাখিল</u> ১ লক্ষ ৮ হাজার ৯৩৯<u>টি</u> আদায়কৃত অর্থ ২৫ কোটি ৭১ লক্ষ ৪৩ হাজার ৮১৩ টাকা

ময়মনসিংহ (বুধবার, ০৬ ডিসেম্বর ২০২৩ খ্রি.)

ময়মনসিংহ কর অঞ্চলে টিআইএনধারী করদাতার সংখ্যা ৪ লক্ষ ৯৭ হাজার ২৪৩ জন। এর মধ্যে ২০২৩-২০২৪ করবর্ষে আয়কর রিটার্ন দাখিল হয়েছে ১ লক্ষ

৮ হাজার ৯৩৯ টি। এতে ২৫ কোটি ৭১ লক্ষ ৪৩ হাজার ৮১৩ টাকা আদায় হয়। চলতি করবর্ষে ২ লক্ষ ২৫ হাজার ৬০০ জন গ্রাহক সেবা গ্রহণ করেন। ময়মনসিংহ কর অঞ্চলের কমিশনারের কার্যালয় থেকে এ তথ্য পাওয়া গেছে।

বিগত ২০২২-২৩ করবর্ষে নভেম্বর মাস পযন্ত টিআইএনধারী করদাতার সংখ্যা ছিল ৪ লক্ষ ১০ হাজার ৫৬৯ জন। দাখিলকৃত আয়কর রিটার্নের সংখ্যা ছিল ৯৪ হাজার ১৪৩ এবং আয়করের আদায়কৃত অর্থের পরিমাণ ২৬ কোটি ৪৭ লক্ষ ৬৫ হাজার ৯৩ টাকা। গত বছর সেবাগ্রহীতার সংখ্যা ১ লক্ষ ৮৬ হাজার ৪০০ জন।

কমিশনারের কার্যালয়ের পর্যবেক্ষণে বলা হয়, করমুক্ত আয়ের সীমা বৃদ্ধি পাওয়ায় এবং নতুন আইনের বিধি-বিধান পরিপালনের স্বার্থে ২০২২-২৩ করবর্ষের তুলনায় দাখিলকৃত রিটার্নের সংখ্যা বৃদ্ধি পেলেও আদায়ের পরিমাণ হ্রাস পেয়েছে।

ইতোমধ্যে রিটার্ন দাখিলের সময় বৃদ্ধি করা হয়েছে। ব্যক্তি করদাতার ক্ষেত্রে ৩১ জানুয়ারি এবং কোম্পানির আয়করের জন্য ২৮ ফেবুয়ারি ২০২৪ খ্রি. পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়েছে।

নতুন আয়কর আইন অনুযায়ী সরকারি কর্মকর্তা-কর্মচারীর ক্ষেত্রে অর্থাৎ গণকর্মচারীর বেতন ভাতাদি প্রাপ্তিতে রিটার্ন দাখিলের প্রমাণ বাধ্যতামূলক করা হয়েছে। রিটার্ন দাখিল না করলে গণকর্মচারীদের বন্ধ হবে বেতন -ভাতাদিসহ ৪৩ ধরনের সুবিধা। সঞ্চো দিতে হবে সম্পদ বিবরণী।

#

হুদা/মনির/ দেওয়ান/রিদওয়ান/রেজভী/ ২০২৩/১১.৪৫ ঘণ্টা